**অনুমোদন**

লক্ষ্যপূর্ণ সর্বজনীন বণ্টন ব্যবস্থার অন্তর্গত ন্যায্যমূল্যের দোকান যেখানে অত্যাবশ্যক বস্তু আইন, ১৯৫৫ এর অধীন রেশন কার্ড ধারীদের সর্বজনীন বণ্টন ব্যবস্থায় বস্তু সামগ্রীর বণ্টনের অনুমতি প্রাপ্ত।

**অভিযোগ নিবারণের ব্যবস্থাসমূহ**

* এই আইনের অন্তর্গত প্রত্যেক রাজ্য সরকার এই সব অভিযোগগুলিকে নিবারণ করার জন্য ব্যবস্থা করা হবে, যাতে কল সেন্টার, হেল্প লাইন স্থাপন করা হবে এবং নোডাল আধিকারিককে নিয়োগ করা হবে।
* এই আইনের অন্তর্গত খাদ্য সামগ্রী বা খাবার বণ্টন সম্পর্কিত ক্ষতিগ্রস্ত লোকদের অভিযোগকে তাড়াতাড়ি এবং কার্যকরভাবে নিবারণ করার জন্য জেলা স্তরে এক জেলা অভিযোগ নিবারণকারী অধিকারী নিয়োগের ব্যবস্থা রাখা হয়েছে।
* এই আইনের অন্তর্গত এই ব্যবস্থাও রাখা হয়েছে যাতে কোন অভিযোগকারী জেলা / রাজ্য খাদ্য আয়োগের সামনে সরাসরি আবেদন দায়ের করতে পারে।

**রাজ্য খাদ্য আয়োগের খাদ্য পরীক্ষা সম্পর্কিত ক্ষমতা**

* রাজ্য খাদ্য আয়োগের ঐসব ক্ষমতার অধিকারী যা দেওয়ানী কার্যবিধির ১৯০৮ এর অধীন কোন মামলায় বিচার করার সময় দেওয়ানী আদালতে গৃহীত হয়। যা এই রকম :
* কোন ব্যক্তির সন্ধান করা বা হাজির করা তথা শপথ-এর অধীন তার মামলার বিচার করা।
* মামলা সম্পর্কিত যে কোন প্রমাণ পত্র পেশ করা।
* শপথ পত্রের অধীন বিভিন্ন সাক্ষ্য গ্রহণ করা।
* কোন আদালত বা মামলার সঙ্গে সম্পর্কিত কোন লোক সংশ্লিষ্ট বিষয়ের কাগজ পত্রের প্রতিলিপি দাবি করা।
* সাক্ষীদের বা দলিল পত্রের পরীক্ষা করার জন্য কমিশন গঠন করা।
* প্রতিটি রাজ্য সরকার দ্বারা আইন অনুযায়ী বলবৎ করণ এবং তার মূল্যায়ন করার উদ্দেশ্যে রাজ্য খাদ্য আয়োগের গঠন করা যাবে।

**সাজা :**

* এই আইনের ব্যবস্থা অনুযায়ী যদি কোন লোক সেবক অথবা জেলা অভিযোগ নিবারণ আধিকারিকের সুপারিশ জেনে শুনে অবহেলা করার জন্য দোষী সাব্যস্ত হয়, তাহলে তাকে শুনানির সঠিক সুযোগ দেওয়ার পর ৫ হাজার টাকা পর্যন্ত জরিমানা করা যেতে পারে।


সত্যমেব জয়তে

**ন্যায় বিভাগ**
**বিধি এবং ন্যায় মন্ত্রণালয়, ভারত সরকার**

সাক্ষর ভারত

**রাজ্যিক সম্পদ কেন্দ্র অসম**
**রাষ্ট্রীয় সাক্ষরতা মিশন প্রাধিকরণ**
**মানব সম্পদ উন্নয়ন মন্ত্রণালয়, ভারত সরকার**
website :: www.srcguwahati.in


সাক্ষর ভারত

**আইনি সাক্ষরতা শৃংখলা - ৭**

# খাদ্য সুরক্ষা আইন - ২০১৩



# খাদ্য সুরক্ষা আইন - ২০১৩

সরকার সাধারণ মানুষ, গরীব তথা গর্ভবতী মায়েদের গুণগতমান সম্পন্ন খাদ্য সামগ্রী সরবরাহ করার জন্য 'জাতীয় খাদ্য সুরক্ষা আইন ২০১৩' নামে একটি নতুন প্রকল্প চালু করেছে। এই আইনের প্রধান লক্ষ্য হ'ল — সাধারণ জীবন যাপন করার জন্য আবশ্যক, সঠিক পরিমাণে তথা পৌষ্টিক গুণ সম্পন্ন খাদ্য পদার্থ সাধারণ মানুষদের মধ্যে সস্তা দামে প্রদান করার জন্য খাদ্যের সুরক্ষা সুনিশ্চিত করা।

এই আইনে সাধারণ মানুষদের জন্য খাদ্য আর পুষ্টি সম্বন্ধীয় সুরক্ষা আর ঐ সম্পর্কিত ব্যবস্থা করার জন্য যে আইনি ব্যবস্থা করা হয়েছে সেগুলি এইরকমঃ

- **ন্যায্যমূল্যের দোকান** : এটা এরকম দোকানের সঙ্গে সম্পর্কিত যেখানে অত্যন্ত প্রয়োজনীয় বস্তু আইন - ১৯৫৫ ধরা ৩ এর অন্তর্গত রেশন কার্ডধারীগণের মধ্যে সর্বজনীন বণ্টন ব্যবস্থার অধীন বস্তু সামগ্রীর বিতরণ করার জন্য লাইসেন্স প্রদান করা হয়ে থাকে।
- **খাদ্যসামগ্রী** : চাউল, গম, মোটা শস্য বা এর সমতুল্য অন্য কোন বস্তু যা ঐ সমস্ত গুণগতমান অনুযায়ী হয় এবং কেন্দ্রীয় সরকার কতৃক সময় সময় দেওয়া নিয়ম অনুযায়ী হয়।
- **খাদ্য সুরক্ষা** : খাদ্য সুরক্ষার তাৎপর্য আইন অনুসারে তৈরী করা নিয়মাবলীর বা উপ নিয়মাবলীর বা অধীন খাদ্যসামগ্রীর আর ভোজনের সঠিক মাত্রায় প্রদান করার সঙ্গে সম্পর্কিত।
- **খাদ্য সুরক্ষার ভর্তুকি** : খাদ্য সুরক্ষার ভর্তুকির তাৎপর্য ধারা ৮ এর অন্তর্গত যে সব নিয়ম আছে তার অধীন সঠিক ভাগীদার ব্যক্তিগণকে সঠিক ধনরাশি প্রদান করার সঙ্গে সম্পর্কিত।
- **গ্রামীণ এলাকা** : গ্রামীণ এলাকার আইন অনুসারে স্থাপিত বা গঠিত কোন নগরীয় সংস্থার অথবা ক্যান্টনমেন্ট বোর্ডের অন্তর্গত এলাকা ছাড়া যেকোন রাজ্যের যে কোন এলাকায় এই আইন প্রযোজ্য হবে।
- **লক্ষ্যপূর্ণ সার্বজনীন বণ্টন ব্যবস্থা** : সরকারী ন্যায্যমূল্যের দোকানের মাধ্যমে রেশনকার্ড ধারীগণকে আবশ্যিক বস্তুগুলির বণ্টনের ব্যবস্থা থাকবে।

**ধারা / নিয়ম**

- **ধারা-৩** এর অধীন চিহ্নিত সুবিধাভোগীগণের রাজ্য সরকার থেকে লক্ষ্যপূর্ণ সর্বজনীন বণ্টন ব্যবস্থার অন্তর্গত প্রতিমাসে ৫ কেজি খাদ্যসামগ্রী, আর্থিক সহায়তা প্রাপ্ত মূল্য পাওয়ার অধিকার থাকবে।
- **ধারা** - ৪, ৫ এবং ৬ অনুসারে গর্ভবতী স্ত্রী অথবা স্তন্যদানকারী মায়েদের জন্য পুষ্টিকর তথা শিশুর জন্য পুষ্টির সহায়ক এবং অপুষ্টি নিবারণ ব্যবস্থার অন্তর্গত সুবিধা পাওয়ার অধিকার উল্লেখ আছে।
- **ধারা** - ১২ লক্ষ্যপূর্ণ সর্বজনীন বণ্টন প্রণালীতে সংশোধনের ব্যবস্থা।
- **ধারা** - ১৩ - রেশন কার্ড ইস্যু করার উদ্দেশ্য ১৮ বছর বা তার অধিক বয়সের স্ত্রীকে পরিবারের প্রধান সদস্য বানানোর বিশেষ ব্যবস্থা রাখা হয়েছে।

**আইনগত ব্যবস্থা :**

- গর্ভবতী মহিলা এবং স্তন্যদানকারী মায়েদের পুষ্টিকর খাদ্যের ব্যবস্থা।
- আইনের অন্তর্গত সুবিধাভোগী ব্যক্তিদেরকে খাদ্যবস্তু বা ভোজনের অধিকার না পাওয়ার ক্ষেত্রে খাদ্য সুরক্ষায় ভাতা পাওয়ার অধিকার থাকবে।

**অধিকার :**

- লক্ষ্যপূর্ণ সর্বজনীন বণ্টন ব্যবস্থার অন্তর্গত পরিবারগুলিকে 'অন্ত্যোদয় অন্ন যোজনায়' আর্থিক সাহায্য পাওয়া মূল্যের উপর প্রতিমাসে পরিবার পিছু ৩৫ কিলোগ্রাম খাদ্যসামগ্রী পাওয়ার অধিকার থাকবে।
- প্রত্যেক গর্ভবতী স্ত্রী এবং স্তন্যদাকারী মায়েদের নিম্নলিখিত সুবিধা পাওয়ার অধিকারিণী হবে-

  -গর্ভাবস্থায় এবং শিশুর জন্মের ৬ মাস অবধি স্থানীয় অঙ্গন ওয়ারীর মাধ্যমে বিনা পয়সায় সরবরাহ করা, যাতে করে প্রয়োজনীয় পুষ্টি বজায় থাকে। তবে ৬ মাসের কম বয়সী বাচ্চাদের জন্য কেবল মাতৃস্তন পানের জন্য উৎসাহ দেওয়া হবে।

  - গর্ভবতী স্ত্রী বা প্রসূতি সুযোগ হিসাবে কম করে ৬ হাজার টাকা কেন্দ্রীয় সরকারের তরফ থেকে কিস্তিতে পাওয়ার অধিকার রয়েছে।
- অষ্টম শ্রেণী অবধি বা ৬ থেকে ১৪ বৎসর পর্যন্ত বয়সী প্রত্যেক বালক/বালিকাদের পৌষনীয় প্রয়োজনগুলিকে পূর্ণ করার জন্য নিম্নলিখিত অধিকার পাওয়া যাবে -

  - ৬ মাসের কম বয়সী শিশুদের শুধুমাত্র মাতৃদুগ্ধ পান করার প্রতি উৎসাহ দেওয়া হবে।

  - রাজ্য সরকার, স্থানীয় অঙ্গন ওয়ারীর মাধ্যমে অপুষ্টির শিকার এরকম বালকদের চিহ্নিত করে তাদেরকে বিনামূল্যে খাবার প্রদান করা হবে।